



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

কলেজ শাখা

Website : bise-ctg.gov.bd

স্মারক নম্বর: চশিবো/ ক-শা/ বিষয়-বিভাগ/৪৭৫/১৮ (অংশ-১)/১০৭৭(৩০০)

তারিখ: ২৮/০১/২০২৫খ্রি:

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে গ্রুপ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন কলেজ, স্কুল এন্ড কলেজ সমূহের অধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী ও অভিভাবকদের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী গ্রুপ পরিবর্তনের জন্য আবেদন করতে আগ্রহী তাদেরকে আসন শূন্য ও নির্ধারিত জিপিএ থাকা সাপেক্ষে নিম্নোক্ত “ছক” মোতাবেক তথ্যাদি পূরণপূর্বক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। কলেজ কর্তৃপক্ষ সকল আবেদন যাচাই-বাছাইপূর্বক পঠিত (বর্তমান) গ্রুপ ও বিষয় এবং চাহিত (পরিবর্তিত) গ্রুপ ও বিষয় (অনুমোদিত) উল্লেখ করে নিম্নোক্ত ছক মোতাবেক বিবরণী, অধ্যক্ষের অর্থায়ন ও ফি প্রদানের রশিদসহ আগামী ০৬/০২/২০২৫ খ্রি: তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হল।

আবেদন শিক্ষা বোর্ডে জমাদানের ক্ষেত্রে eSIF ও এসএসসি পাসের ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি সহ (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) নির্ধারিত ফি বাবদ প্রতি ছাত্র ৬০০/- (ছয়শত) টাকা হারে সোনালী ব্যাংক বুথ এ (শিক্ষাবোর্ড ভবনের নীচ তলায়) জমা দিয়ে সংশ্লিষ্ট শাখা’র রশিদ যুক্ত করতে হবে। বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক বা ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তি হওয়ার পর শুধুমাত্র ব্যবসায় শিক্ষা বা মানবিক গ্রুপে পরিবর্তন করতে পারবে। ভর্তি নীতিমালা-২০২৪ এর ৫.১১-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী অন্যান্য গ্রুপ থেকে বিজ্ঞান গ্রুপে গ্রুপ পরিবর্তনের কোনো সুযোগ নেই। বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে ভর্তি হওয়ার পর পরবর্তীতে ভর্তিকৃত কলেজে বিজ্ঞান গ্রুপে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই।

গ্রুপ পরিবর্তনের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের বিবরণ:

ক্রম	কলেজের নাম ও EINN	ছাত্র/ছাত্রীর নাম ও পিতার নাম	পাশের সন, এসএসসি রোল ও রেজি: নম্বর	ভর্তির ধরণ		পঠিত গ্রুপ ও বিষয় কোড ইংরেজিতে লিখতে হবে	চাহিত গ্রুপ ও বিষয় কোড ইংরেজিতে লিখতে হবে
				অনলাইন	ম্যানুয়েল		

অনুসরণীয় শর্তঃ

- ** গ্রুপ পরিবর্তনের ক্ষেত্রে অবশ্যই ২০২৪ - ২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে “ভর্তি নীতিমালা-২০২৪ ” ও NCTB কর্তৃক প্রণীত বিষয় কাঠামো কঠোরভাবে অনুসরণ করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।
- ** পরিবর্তনের জন্য প্রস্তাবিত গ্রুপে ভর্তির সময় চাহিত ন্যূনতম জিপিএ থাকতে হবে।
- ** গ্রুপ পরিবর্তনের জন্য আসন শূন্য থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

Ahmed
২৮/০১/২৫
(প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



অধ্যক্ষের কার্যালয়

রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

ফোন-০২৩৩৩০৭২৪৮৫, EINN-107819, স্থাপিত-১৯৯৪

Web-Site: www.rangamatigmc.gov.bd

e-mail: principalrgmc@yahoo.com

তারিখ-২৮/০১/২০২৫ খ্রি.

‘২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে গ্রুপ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি’

অত্র কলেজের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষাবোর্ড এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে Online এ eSIF পূরণকারী ভর্তিকৃত শিক্ষার্থীরা বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে। আগ্রহী শিক্ষার্থীকে গ্রুপভিত্তিক নির্ধারিত আসন শূন্য থাকা এবং ভর্তির সময় চাহিত ন্যূনতম জিপিএ ধারী হওয়া সাপেক্ষে এসএসসি একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ও সংযুক্ত পত্রে নিয়মাবলী অনুসরণ পূর্বক ০৬/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে আবেদন করার জন্য নির্দেশ দেয়া গেল।

Prake
২৪.০১.২৫

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা।

হাত সরকারি
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।